ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি,বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd
E-mail: iaupro.bd@gmail.com

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/৪৫৯ তারিখ : ১৩-১০-২০২৫ খ্রি.

সংবাদ বিজ্ঞপ্তি

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল (মাস্টার্স) পরীক্ষার ফল প্রকাশ

## পাশের হার ৯১.৯৭ শতাংশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে এক বছর মেয়াদী কামিল (মাস্টার্স) পরীক্ষা-২০২৩ এর ফলাফল প্রকাশিত হয়েছে। পরীক্ষায় ৯১.৯৭ শতাংশ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। আজ সোমবার (১৩ অক্টোবর ২০২৫) সকাল ০৯.০০ টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ শামছুল আলম আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন। পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী ভাইস-চ্যান্সেলর এর কাছে পরীক্ষার ফলাফল হস্তান্তর করেন।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ শামছুল আলম পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের শুভেচ্ছা ও মোবারাকবাদ জানিয়ে বলেন, শিক্ষার্থীদের ভাল ফলাফল ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা উপহার দেওয়া আমাদের নৈতিক দায়িত্ব ও আমানত। মাদরাসা শিক্ষাকে কর্মমূখী ও আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্য শিক্ষা ব্যবস্থায় রুপ দিতে প্রচেষ্টা অব্যাহত থাকবে। চলতি বছরেই ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সেশনজট ও সনদজট মুক্ত হবে বলেও জানান তিনি।

এসময় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান, ট্রেজারার এ এস এম মামুনুর রহমান খলিলী,কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্রের ডিন প্রফেসর ড. মুহাম্মদ শাযাআত উল্লাহ ফারুকী, রেজিস্ট্রার মোঃ আইউব হোসেন, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ রফিক আল মামুনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

এ বছর সিজিপিএ এর ভিত্তিতে মেধাতালিকায় প্রথম স্থান অর্জন করেন সরকারী মাদরাসা-এ আলীয়া ঢাকা। দ্বিতীয় স্থান অর্জন করেন দারুন্নাজাত সিদ্দিকিয়া কামিল মাদরাসা ঢাকা। তৃতীয় স্থান অর্জন করেন খুলনা আলীয়া কামিল মাদরাসা ও চাঁদপুর জেলার ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদরাসা।

উল্লেখ্য, ১৪ আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ২৪ সেপ্টেম্বর মৌখিক পরীক্ষা শেষ হয়। পরীক্ষার ফলাফল সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.result.iau.edu.bd) পাওয়া যাবে।



পরিচালক
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:
১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

CamScanner